## অধ্যায়-৫: যৌথ মূলধনি কোম্পানির আর্থিক বিবরণী

**১৬১. অগ্রিম প্রদত্ত খরচ কোম্পানির কী?** (অনুধাবন) */নটর ডেম কলেজ, ঢাকা/*

ⓚ খরচ ⓛ আয়
ⓜ সম্পদ ⓝ দায় **গ**

**১৬২. বিজ্ঞাপন খরচের ১/৪ অংশ অবলোপন করা হলে (রেওয়ামিলে বিজ্ঞাপন ৪০০০ টাকা) আর্থিক অবস্থার বিবরণীতে বিজ্ঞাপনের জের কত টাকা দেখাতে হবে?** (প্রয়োগ) */সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা/*

ⓚ ১,০০০ ⓛ ২,০০০
ⓜ ৩,০০০ ⓝ ৪,০০০ **গ**

**১৬৩. রেওয়ামিলে ভাড়া (৩/৪ অংশ) প্রদান ৩০,০০০ টাকা বলা থাকলে ভাড়া বাবদ মোট কত দেখাতে হবে?** (প্রয়োগ) */সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা/*

ⓚ ২০,০০০ টাকা ⓛ ৩০,০০০ টাকা
ⓜ ৪০,০০০ টাকা ⓝ ৫০,০০০ টাকা **গ**

**১৬৪. একটি কোম্পানীর হিসাবকাল শেষ হয় ৩১ ডিসেম্বর। ১ লা এপ্রিল তারিখে পরবর্তী এক বছরের জন্য ৩২০০ টাকায় একটি অফিস ভাড়া নেয়া হলে ভাড়া হিসাবে কত টাকা চার্জ করতে হবে?** (প্রয়োগ) */সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা/*

ⓚ ২৪০০ টাকা ⓛ ২৬০০ টাকা
ⓜ ২৮০০ টাকা ⓝ ৩০০০ টাকা **ক**

**১৬৫. বিক্রয় ৫০,০০০ টাকা। মোট লাভ বিক্রিত দ্রব্যের ২৫% হলে মোট লাভের পরিমাণ কত?** (প্রয়োগ) */মাইলস্টোন কলেজ, ঢাকা/*

ⓚ ১০,৫০০ টকা ⓛ ১২৫০০ টাকা
ⓜ ১১৫০০ টাকা ⓝ ১০,০০০ টাকা **ঘ**

**১৬৬. ১২% বিনিয়োগ ৫০,০০০ টাকা, সুদ প্রাপ্তি ৪,০০০ টাকা। উদ্বৃত্তপত্রে বিনিয়োগের অনাদায়ী সুদ কত?** (প্রয়োগ) */আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা/*

ⓚ ১,০০০ টাকা ⓛ ২,০০০ টাকা
ⓜ ৩,০০০ টাকা ⓝ ৪,০০০ টাকা **খ**

**১৬৭. ১০% কারবারী বাট্টায় ১,০০,০০০ টাকার সম্পদ ক্রয় করে ১০,০০০ টাকা পরিবহন খরচ, ৫,০০০ টাকা আমদানী শুল্ক ও ৭,০০০ টাকা সংস্থাপন ব্যয় নির্বাহ করা হলো। সম্পত্তির মূল্য হিসেবে কত টাকা দেখাতে হবে?** (প্রয়োগ) */ঢাকা কমার্স কলেজ/*

ⓚ ১,১২,০০০ টাকা ⓛ ১,২২,০০০ টাকা
ⓜ ১,৩২,০০০ টাকা ⓝ ১,০৭,০০০ টাকা **ক**

**১৬৮. নিচের কোন সম্পদের উপর অবলোপন ধার্য করতে হবে?** (অনুধাবন) */বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা/*

ⓚ আসবাবপত্র ⓛ যন্ত্রপাতি
ⓜ সুনাম ⓝ দালানকোঠা **গ**

**১৬৯. যে সব সম্পত্তির বাস্তব মূল্য নেই, তাদেরকে কী বলে?** (অনুধাবন) */বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা/*

ⓚ অলীক সম্পত্তি ⓛ বাস্তব সম্পত্তি
ⓜ ক্ষয়িষ্ণু সম্পদ ⓝ চলতি সম্পত্তি **ক**

**১৭০. শুভ লি.-এর কর পরবর্তী নীট মুনাফা ৪৮,০০০ টাকা। করের হার ৪০% হলে কর পূর্ববর্তী মুনাফা কত?** (প্রয়োগ) */বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা/*

ⓚ ৯২,০০০ টাকা ⓛ ৮০,০০০ টাকা
ⓜ ৬৭,০০০ টাকা ⓝ ৪৮,০০০ টাকা **খ**

**১৭১. প্রারম্ভিক মজুদ পণ্য ২,০০০ টাকা। সমাপনী মজুদ পণ্য ৩,০০০ টাকা এবং বিক্রিত পণ্যের ব্যয় ১৮,০০০ টাকা এবং মোটলাভ ৫,০০০ টাকা হলে বিক্রয় কত?** (প্রয়োগ) */মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইনস্টিটিউট, ঢাকা/*

ⓚ ১৩,০০০ টাকা ⓛ ১৫,০০০ টাকা
ⓜ ২৩,০০০ টাকা ⓝ ২৮,০০০ টাকা **গ**

**১৭২. শেয়ার অধিহারকে আর্থিক অবস্থার বিবরণীর কোথায় দেখানো হয়?** (অনুধাবন) */ইস্পাহানী বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয়, মগবাজার, ঢাকা/*

ⓚ চলতি দায় অংশে
ⓛ ভবিষ্যৎ ব্যবস্থা অংশে
ⓜ সঞ্চিতি ও উদ্বৃত্ত অংশে
ⓝ চলতি সম্পদ অংশে **গ**

**১৭৩. পূর্বের বছরের নিট মুনাফার উপর আয়কর প্রদান করতে হয় কখন?** (অনুধাবন) */সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ/*

ⓚ ঐ বছরই ⓛ ২ বছর পর
ⓜ পরবর্তী বছর ⓝ অগ্রিম **গ**

**১৭৪. ১০% ঋণ ১০,০০০ টাকা(২০-৬-২০১৩) গ্রহণ করা হয়। তাহলে ২০১৩ সালের ডিসেম্বর মাসের ঋণের সুদের পরিমাণ কত টাকা?** (প্রয়োগ) */আবদুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী/*

ⓚ ৪২০ ⓛ ৫২৭
ⓜ ৬২০ ⓝ ৭২০ **খ**

**১৭৫. লভ্যাংশ সমতাকরণ তহবিল কেন সৃষ্টি করা হয়?** (অনুধাবন) */ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী/*

ⓚ প্রতি বছর কম হারে লভ্যাংশ প্রদানের জন্য
ⓛ বেশী হারে লভ্যাংশ প্রদানের জন্য
ⓜ প্রতি বছর সামঞ্জস্যপূর্ণ হারে লভ্যাংশ প্রদানের জন্য
ⓝ প্রতি বছর সমান হারে লভ্যাংশ প্রদানের জন্য **গ**

Teachingbd.com

১৭৬. কোন বিবরণী হতে একটি প্রতিষ্ঠানের যাবতীয় মুনাফা জাতীয় তথ্য পাওয়া যায়? (অনুধাবন) *[ক্যান্ট. পাবলিক স্কুল ও কলেজ (বিইউএসএমএস) পার্বতীপুর, দিনাজপুর]*
ⓚ বিশদ আয় বিবরণী
ⓚ বিক্রিত পণ্যের ব্যয় বিবরণী
ⓖ সংরক্ষিত আয় বিবরণী
ⓖ নগদ প্রবাহ বিবরণী ক

১৭৭. মূলধন জাতীয় ব্যয় অবলোপনের জন্য ব্যবহার করা হয় কোনটি? (অনুধাবন) *[পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর]*
ⓚ শেয়ার অবহার ⓚ শেয়ার বাট্টা
ⓖ শেয়ার অধিহার ⓖ ঋণপত্রের কমিশন গ

১৭৮. কোম্পানীর আর্থিক অবস্থা সুদৃঢ় করার জন্যবন্টন যোগ্য মুনাফার একটি অংশ নিয়ে নিচের কোন সঞ্চিতি তৈরি করা হয়? (অনুধাবন) *[ইস্পাহানি পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম]*
ⓚ আয়কর সঞ্চিতি ⓚ মূলধন সঞ্চিতি
ⓖ সাধারণ সঞ্চিতি ⓖ কুঋণ সঞ্চিতি গ

১৭৯. স্টার কোম্পানি লিঃ প্রতি শেয়ার ১০০ টাকা করে ৫০০০ শেয়ার বিলি করে শেয়ারহোল্ডাদের নিকট থেকে ৫,৩০,০০০ টাকা আদায় করলো এখানে শেয়ার অধিহার কত? (প্রয়োগ) *[এম সি একাডেমী (মডেল স্কুল ও কলেজ), সিলেট]*
ⓚ ৫,০০০ ⓚ ৫,০০,০০০
ⓖ ৫,৩০,০০০ ⓖ ৩০,০০০ ঘ

১৮০. বিক্রিত পণ্যের ব্যয়ের ওপর মুনাফা ২০% এবং বিক্রয় ১২,০০,০০০ টাকা হলে মুনাফার পরিমাণ কত হবে? (প্রয়োগ) *[সিলেট কমার্স কলেজ]*
ⓚ ৳ ২,০০,০০০ ⓚ ৳ ২,২০,০০০
ⓖ ৳ ২,৪০,০০০ ⓖ ৳ ২,৬০,০০০ ক

১৮১. কোনটির মাধ্যমে সমন্বিত ক্রয় পাওয়া যায়? (অনুধাবন) *[সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা]*
ⓚ প্রারম্ভিক মজুদ পণ্য + ক্রয়-সমাপনী মজুদ পণ্য
ⓚ প্রারম্ভিক মজুদ পণ্য + বিক্রয়-সমাপনী মজুদ পণ্য
ⓖ সমাপনী মজুদ পণ্য + বিক্রয় — প্রারম্ভিক মজুদ পণ্য
ⓖ সমাপনী মজুদ পণ্য + বিক্রিত পণ্যের ব্যয়— প্রারম্ভিক মজুদ পণ্য ক

১৮২. প্রাপ্য (দেনাদার) হিসাবের জের আছে ৫০,০০০ টাকা এর মধ্যে ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। বাদবাকি টাকার ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে। পুরাতন অনাদায়ী পাওনা সঞ্চিতির জের আছে ৬,০০০ টাকা। আয় বিবরণীতে কত টাকা দেখাতে হবে? (প্রয়োগ) *[অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল]*
ⓚ ৩,৫০০ টাকা ⓚ ৪,৫০০ টাকা
ⓖ ৫,০০০ টাকা ⓖ ৬,০০০ টাকা ক

১৮৩. ইক্যুইপমেন্ট এর বহিঃমূল্য ৬০,০০০ টাকা, বিক্রয়মূল্য ৪৮,০০০ টাকা, পুঞ্জিভূত অবচয় ৩,৪০,০০০ টাকা হলে ইক্যুইপমেন্ট এর ক্রয়মূল্য কত টাকা ছিল? (প্রয়োগ) *[বরিশাল সরকারি মহিলা কলেজ]*
ⓚ ১,০৮,০০০ ⓚ ২,৮০,০০০
ⓖ ২,৯২,০০০ ⓖ ৪,০০,০০০ ঘ

১৮৪. দীর্ঘমেয়াদি দায়— (অনুধাবন) *[আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
i. ব্যাংক ঋণ ii. বন্ধকী ঋণ
iii. অগ্রিম আয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii ক

১৮৫. বহুধাপ বিশিষ্ট বিশদ আয় বিবরণীর মাধ্যমে জানা যায়— (অনুধাবন) *[অগ্রণী স্কুল ও কলেজ, ঢাকা]*
i. মোট লাভ বা ক্ষতি
ii. নিট লাভ বা ক্ষতি
iii. আর্থিক অবস্থা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii ক

১৮৬. আয় হলো —— (অনুধাবন) *[আবদুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী]*
i. সেবা আয় ii. অনুপার্জিত আয়
iii. প্রাপ্ত বাট্টা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii খ

১৮৭. অভ্যন্তরীণ দায় হলো —— (অনুধাবন) *[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী]*
i. সাধারণ সঞ্চিতি ii. আয়কর সঞ্চিতি
iii. মূলধন সঞ্চিতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii খ

১৮৮. কোম্পানির চলতি দায় হলো —— (অনুধাবন) *[নিউ গভ. ডিগ্রী কলেজ, রাজশাহী]*
i. অন্তর্বর্তীকালীন লভ্যাংশ
ii. দাবিহীন লভ্যাংশ
iii. প্রস্তাবিত লভ্যাংশ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii গ

http://teachingbd.com

১৮৯. মুনাফা সর্বাধিকরণের জন্য প্রতিষ্ঠানসমূহ সর্বদা সচেষ্টা থাকে — (অনুধাবন) /ক্যান্ট. পাবলিক স্কুল ও কলেজ (বিইউএসএমএস) পার্বতীপুর, দিনাজপুর/
i. আয় বৃদ্ধি করতে ii. ব্যয় হ্রাস করতে
iii. উৎপাদন হ্রাস করতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১৯০. সঠিক আর্থিক ফলাফল নির্ণয় করতে হলে— (অনুধাবন) /সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম/
i. আয়-ব্যয়ের অগ্রিম ও বকেয়া সমন্বয় করতে হবে
ii. সম্পত্তিসমূহের অবচয় বিবেচনায় আনতে হবে
iii. সম্পত্তি ও দায়ের মোট পরিমাণ জানতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১৯১. অবচয় ব্যবসায় প্রতিষ্ঠানের— (অনুধাবন) /সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা/
i. ব্যয় বৃদ্ধি করে ii. সম্পদ বৃদ্ধি করে
iii. সম্পদ হ্রাস করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

১৯২. কু-ঋণ সঞ্চিতি সৃষ্টি করার উদ্দেশ্য— (অনুধাবন) /অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল/
i. কারবারের সঠিক লাভ-ক্ষতি নির্ধারণ করা
ii. কারবারের সঠিক আর্থিক অবস্থা নির্ধারণ করা
iii. কারবারের লাভের পরিমাণ বৃদ্ধি করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

১৯৩. অবলোপনযোগ্য খরচাবলি হলো— (অনুধাবন) /বরিশাল সরকারি মহিলা কলেজ/
i. সাধারণ খরচ ii. বিলম্বিত বিজ্ঞাপন
iii. প্রাথমিক খরচ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

**উদ্দীপকটি পড়ো এবং ১৯৪-১৯৬নং প্রশ্নের উত্তর দাও।**
রেওয়ামিলে ক্রয় (ভ্যাটসহ) ১,৩০,০০০ টাকা, বিক্রয় (ভ্যাটসহ) ২,৩৫,০০০ টাকা, আন্তঃফেরত ৪,০০০ টাকা; বহিঃফেরত ৫,০০০ টাকা; বিক্রয় বাট্টা ৬,০০০ টাকা; সমন্বয়ে পণ্য উত্তোলন ১০,০০০ টাকা; অলিখিত বিক্রয় ৫,০০০ টাকা। /রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা/

১৯৪. বিক্রয়ে ভ্যাটের পরিমাণ কত টাকা? (প্রয়োগ)
ক ১০,০০০ খ ১৫,০০০
গ ২০,০০০ ঘ ৩০,০০০ **ঘ**

১৯৫. নিট ক্রয়ের পরিমাণ কত টাকা? (প্রয়োগ)
ক ১,০০,০০০ খ ১,১৫,০০০
গ ২,৩০,০০০ ঘ ২,০০,০০০ **ক**

১৯৬. প্রদেয় ভ্যাটের পরিমাণ কত টাকা? (প্রয়োগ)
ক ১০,০০০ খ ১৫,০০০
গ ২০,০০০ ঘ ৩০,০০০ **খ**

**উদ্দীপকটি পড়ো এবং ১৯৭-১৯৮ নং প্রশ্নের উত্তর দাও।**
প্রারম্ভিক অনাদায়ী পাওনা ১৩,৬০০ টাকা। সারা বছর কুঋণ ১০,৩০০ টাকা। বছর শেষে প্রাপ্য হিসাব ২,৮১,০০০ টাকা যার মধ্যে ১,০০০ টাকার দেনাদার দেউলিয়া ঘোষিত হয়েছে। /ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর/

১৯৭. বছর শেষে অনাদায়ী পাওনা হিসেবে দেখাতে হবে? (প্রয়োগ)
ক ৩১,৩০০ খ ২৪,৯০০
গ ১৫,০০০ ঘ ১৪,৩০০ **খ**

১৯৮. বছর শেষে নিট প্রাপ্য হিসাব হবে— (প্রয়োগ)
ক ২,৮০,০০০ খ ২,৭০,৭০০
গ ২,৬৯,৭০০ ঘ ২,৫৬,১০০ **ক**

**উদ্দীপকটি পড়ো এবং ১৯৯-২০০ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. নাফিজ একজন ব্যবসায়ী। ২০১৩ সালে তার ব্যবসায়ে নিট বিক্রয়ের পরিমাণ ৫,০০,০০০ টাকা। তিনি বিক্রিত পণ্যের ব্যয়ের ওপর ২৫% হারে মোট মুনাফায় পণ্য বিক্রয় করেন। /সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা/

১৯৯. মি. নাফিজের ব্যবসায়ের বিক্রিত পণ্যের ব্যয়ের পরিমাণ কত? (প্রয়োগ)
ক ৩,৭৫,০০০ টাকা খ ৪,০০,০০০ টাকা
গ ৫,০০,০০০ টাকা ঘ ৬,২৫,০০০ টাকা **খ**

২০০. মি. নাফিজ বিক্রয় মূল্যের ওপর ২০% হারে মুনাফার পণ্য বিক্রয় করলে তার কারবারের আর্থিক অবস্থার কী পরিবর্তন হবে? (উচ্চতর দক্ষতা)
ক মুনাফা বৃদ্ধি পাবে খ মুনাফা হ্রাস পাবে
গ মালিকানা স্বত্ব হ্রাস পাবে
ঘ মুনাফা অপরিবর্তিত থাকবে **ঘ**

**উদ্দীপকটি পড়ো এবং ২০১-২০২ নং প্রশ্নের উত্তর দাও।**
সুমন এন্ড কোং-এর আয় বিবরণী নিচে প্রদান করা হলো:

| বিবরণ | মোট (টাকা) |
|---|---|
| বিক্রয় | ৮,০০,০০০ |
| পরিবর্তনশীল ব্যয় | ৬,০০,০০০ |
| স্থায়ী ব্যয় | ১,০০,০০০ |

/সরকারি কে. সি. কলেজ, ঝিনাইদহ/

২০১. সুমন এন্ড কোং এর নিট মুনাফার পরিমাণ কত? (প্রয়োগ)
ক ১৩,০০,০০০ খ ৩,০০,০০০
গ ২,০০,০০০ ঘ ১,০০,০০০ **ঘ**

২০২. ধরা যাক সুমন এন্ড কোং এর বিক্রয় ২৫% বৃদ্ধি পাবে, নিট মুনাফার পরিমাণ কত হবে? (প্রয়োগ)
ক ১,০০,০০০ খ ১,২৫,০০০
গ ১,৫০,০০০ ঘ ৩,৪০,০০০ **গ**

Teachingbd.com